# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫৬

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৫. যুদ্ধ দু’ প্রকার

## بَاب الْغَزْوِ غَزْوَانِ

আরবী

أَخْبَرَنَا نُعَيْمُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا بَقِيَّةُ بْنُ الْوَلِيدِ عَنْ بَحِيرِ بْنِ سَعْدٍ عَنْ خَالِدِ بْنِ مَعْدَانَ عَنْ أَبِي بَحْرِيَّةَ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْغَزْوُ غَزْوَانِ فَأَمَّا مَنْ غَزَا ابْتِغَاءَ وَجْهِ اللَّهِ وَأَطَاعَ الْإِمَامَ وَأَنْفَقَ الْكَرِيمَةَ وَيَاسَرَ الشَّرِيكَ وَاجْتَنَبَ الْفَسَادَ فَإِنَّ نَوْمَهُ وَنُبْهَهُ أَجْرٌ كُلُّهُ وَأَمَّا مَنْ غَزَا فَخْرًا وَرِيَاءً وَسُمْعَةً وَعَصَى الْإِمَامَ وَأَفْسَدَ فِي الْأَرْضِ فَإِنَّهُ لَا يَرْجِعُ بِالْكَفَافِ

বাংলা

২৪৫৬. মু’আয ইবনু জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যুদ্ধ দু’প্রকার: যে ব্যক্তি (জিহাদের মাধ্যমে) আল্লাহ সন্তুষ্টি অনুসন্ধান করে এবং ইমামের অনুগত থাকে, নিজের উৎকৃষ্ট সম্পদ (যুদ্ধে) ব্যয় করে, সঙ্গীদের সাথে কোমল আচরণ করে, ঝগড়া-ফ্যাসাদ ও অপকর্ম হতে বেঁচে থাকে। তার নিদ্রা ও জাগ্রতহয়। পূণ্যে পরিণত কিছুই অবস্থার সব আর যে ব্যক্তি অহংকার, লোক দেখানো ও খ্যাতি-সুনামের জন্য যুদ্ধ করে এবং ইমামের বা নেতার অবাধ্য হয় এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করে বেড়ায়, সে সামান্য পরিমাণ পুণ্য নিয়েও বাড়ি ফিরতে পারবে না।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, বাকীয়া ইবনুল ওয়ালিদ এটি ‘আন আন’ শব্দে বর্ণনা করেছেন। তবে আহমাদ ও আবূ দাউদে এটি ‘হাদ্দাছানা’ শব্দে বর্ণিত হয়েছে।

তাখরীজ: আহমাদ ৫/ ২৩৪; আবূ দাউদ, জিহাদ, ২৫১৫; নাসাঈ, কুবরা ৮৭৩০; আব্দু ইবনু হুমাইদ নং ১০৯; তাবারাণী, কাবীর ২০/৯১-৯২ নং ১৭৬; মুসনাদুশ শামিয়্যিন ১১৫৭; হাইছাম ইবনু কুলাইব, আল মুসনাদ ১৩৯৪; হাকিম ২/৮৫; বাইহাকী, শুয়াবুল ঈমান ৪২৬৫; সিয়ার ৯/৬৮; আবূ নুয়াইম, হিলইয়া ৫/২২০; সহীহ সনদে;

হাকিম একে সহীহ বলেছেন, এবং যাহাবী তা বজায় রেখেছেন।; ইবনু মানসূর নং ২৩২৩ যয়ীফ সনদে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু‘আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82739

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন